

যায়যায়দিন

তারিখ . . . . . 3 APR 2012  
পৃষ্ঠা . . . . . ৬ . . . . . কলাম . . . . . ৫

## এতিম শিশুদের দক্ষ জনশক্তি বানাতে এগিয়ে আসতে হবে : শিক্ষামন্ত্রী

যাযাদি রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এতিম শিশুদের শিক্ষা, পুনর্বাসন ও কর্মসংস্থানের পাশাপাশি দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে সমাজের সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন।

সোমবার রাজধানীর পল্যাশী-নীলক্ষেত্রসহ, ব্যামবেইস-ডবনে এতিমশিশুর পরিচালকদের শিক্ষাগতযোগ্যতা বৃদ্ধি সংক্রান্ত ৪ দিনব্যাপী এক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনকালে, প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, এতিম শিশুরা যাতে তাদের জীবন সুন্দর করে গড়ে তুলতে পারে সে জন্য সরকারি ও বেসরকারিভাবে সবাই তাদের উন্নয়নে এগিয়ে এলে একটি সুন্দর জাতি গঠনে

তারা সহায়ক ভূমিকা রাখবে। শিক্ষামন্ত্রী বলেন, সরকার সুবিধাবঞ্চিত এসব শিশুর উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। তাদের মৌলিক অধিকারের বিষয়ে, সরকার আন্তরিক। বাংলাদেশ সরকার সবসময় এতিমদের পক্ষে কাজ করে যাচ্ছে। তিনি আরো বলেন, এতিম শিশুদের পারিবারিক পরিবেশে বেড়ে ওঠার লক্ষ্যে সারা দেশে শিশুপরিবার গড়ে উঠেছে। পাশাপাশি তাদের শিক্ষা ও কারিগরি বিষয়ে আরো দক্ষ করে গড়ে তুলতে সরকার নানা পরিকল্পনা গ্রহণ করেছে। ইসলামিক শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিকবিষয়ক সংস্থা (আইসেসসো) ও আন্তর্জাতিক ইসলামিক দাতব্য সংস্থার যৌথ সহযোগিতায় শিক্ষা মন্ত্রণালয়ের বাংলাদেশ ইউসেসসো জাতীয় কমিশনের উদ্যোগে এ কোর্স শুরু হয়েছে।